

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

www.barishalboard.gov.bd

সংশোধিত বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২১/২৯০৯

তারিখঃ ০১ আশ্বিন ১৪২৮
১৬ সেপ্টেম্বর ২০২১


বিষয়ঃ নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত (বশিবো/বিঅ/২০২১/২৮২৮ তারিখঃ ১৩/০৯/২০২১ খ্রি.) বিজ্ঞপ্তির স্পষ্টীকরণ।

অত্র বোর্ডের আওতাধীন নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, সংশ্লিষ্ট সকল প্রিজাইডিং অফিসার এবং রিটার্নিং অফিসারগণকে জানানো যাচ্ছে যে, সে সকল প্রতিষ্ঠানের চলমান গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদকাল ন্যূনতম ৮০ (আশি) দিন (প্রবিধানমালা-২০০৯ এর ১২ (১) ধারা অনুসারে) অবশিষ্ট আছে কেবল ঐ সকল প্রতিষ্ঠানই নিয়মিত ম্যানেজিং কমিটি বা ক্ষেত্রমতে গভর্নিং বডি গঠনের প্রক্রিয়া শুরু করতে পারবে।

২. উচ্চমাধ্যমিক পর্যায়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অর্থাৎ এইচ এস সি-২০২১ পরীক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার তালিকার আওতা বহির্ভূত থাকবেন এবং অভিভাবক প্রার্থী হতে পারবেন না।

৩. মাধ্যমিক বিদ্যালয়/ স্কুল এন্ড কলেজ এর ক্ষেত্রে ম্যানেজিং কমিটি গঠনের লক্ষে ২০২১ সালের এস এস সি ও এইচ এস সি পরীক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার তালিকার আওতা বহির্ভূত থাকবেন এবং অভিভাবক প্রার্থী হতে পারবেন না।

৪. ২০২২ সালের এস এস সি (২০২০-২০২১ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীদের ১০ম শ্রেণির শিক্ষার্থী বিবেচনা করে তাদের অভিভাবকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণ এবং এইচ এস সি ২০২০-২০২১ এ ভর্তিকৃত শিক্ষার্থীদের অভিভাবকগণকে "একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অভিভাবক" বিবেচনা করে ভোটার তালিকা প্রনয়ন করতে হবে।



প্রফেসর মোহাম্মদ ইউনুস(৬৯৪৭)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল।

মোবাইল নম্বর-০১৭১২-৫৫৮৬৪৪

মেইল : barisalboard@gmail.com

সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/রিটার্নিং
অফিসার/প্রিজাইডিং অফিসার